# প্রকল্প সার-সংক্ষেপ

| | | |
|---|---|---|
| প্রকল্পের শিরোনাম | : | **‘দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি’।** |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ। |

প্রকল্পের বাস্তবায়ন কালঃ

| | |
|---|---|
| ক) শুরুর তারিখঃ | ০১ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ |
| খ) সমাপ্তির তারিখঃ | ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ |

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)

| | |
|---|---|
| মোটঃ | ২৩৭৩০.০০ লক্ষ টাকা |
| জিওবিঃ | ২৩৭৩০.০০ লক্ষ টাকা |
| নিজস্ব অর্থঃ | - |
| অন্যান্যঃ | - |

**প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য সমূহঃ**

ক) ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষি কৃষক বিশেষত: মহিলাদের সংগঠিত করা ও অপ্রধান শস্য চাষে উদ্বুদ্ধকরণ;
খ) সদস্যদের নিজস্ব মূলধন সৃষ্টি ও তার যথাযথ ব্যাবহার নিশ্চিতকরণ;
গ) অপ্রধান শস্য চাষের লক্ষ্যে মানব সম্পদ উন্নয়ন ও প্রযুক্তি সহায়তা প্রদান;
ঘ) অপ্রধান শস্য আমদানি নির্ভরতা কমানো, আর্থ-সামাজিক উন্নয়ন এবং দারিদ্র্য হ্রাসকরণ;
ঙ) অপ্রধান শস্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বিপণন সহায়তা প্রদান।

**প্রকল্প এলাকাঃ**

**প্রকল্পটি দেশের ৬৪টি জেলার ২৫৬ টি উপজেলায় বস্তবায়িত হচ্ছে।**

**অপ্রধান শস্য সমূহঃ**

ডাল জাতীয়ঃ মুগ, মসুর, ছোলা, মটর, খেসারী, মাসকলাই;
তৈলবীজ জাতীয়ঃ সরিষা, তিল, তিশি, সূর্যমূখী,সয়াবিন ও চিনাবাদাম;
মসলা জাতীয়ঃআদা, হলুদ, রসুন, পেঁয়াজ, মরিচ
এবং ভুট্টা।